



ইরান-ইসরায়েল যুদ্ধে নিহত আহমেদ আলীর মরদেহ ঢাকায় অবতরণ



সংগৃহীত ছবি

ইরান-ইসরায়েল সংঘাতে দুবাইতে নিহত প্রবাসী বাংলাদেশি আহমেদ আলীর মরদেহ ঢাকায় পৌঁছেছে।

সোমবার (৯ মার্চ) সকাল ৮টা ৫৫ মিনিটে আমিরাত এয়ারলাইনসের একটি ফ্লাইট তার মরদেহ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে নিয়ে আসে।

উপস্থিত ছিলেন পরিবারের সদস্যরা এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী নুরুল হক নুর, পাশাপাশি পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়দ।

পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, “বাংলাদেশের নাগরিকদের নিরাপত্তা সরকারের অগ্রাধিকার। আলী আহমেদের পরিবার যে কোনো প্রয়োজনীয় সহায়তা পাবে।”

প্রতিমন্ত্রী নুর জানিয়েছেন, সংঘাতে আরও ১৪ জন আহত হয়েছেন, তাদের সর্বোচ্চ চিকিৎসা নিশ্চিত করা হয়েছে। প্রবাসীদের ঝুঁকিপূর্ণ মধ্যপ্রাচ্য এলাকা এড়িয়ে চলারও আহ্বান জানান তিনি।

বিমানবন্দর থেকে মরদেহ অভ্যন্তরীণ ফ্লাইটে সিলেটের মৌলভীবাজারে নেওয়া হয়। পরিবার জানায়, আহমেদ আলী দীর্ঘদিন সংযুক্ত আরব আমিরাতের আজমান শহরে বসবাস করতেন। ২৮ ফেব্রুয়ারি ইরানের ছোড়া ক্ষেপণাস্রের আঘাতে তিনি নিহত হন। তাকে গ্রামের পারিবারিক কবরস্থানে সমাহিত করা হবে।